

কুড়িগ্রামের দুর্গম বিচ্ছিন্ন চর এলাকার মানুষের স্বাস্থ্যসেবায় প্যারামেডিক বোট প্রদান



বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বা বিবিএস-এর তথ্য অনুযায়ী কুড়িগ্রামের রাজিবপুর উপজেলা দেশের সবচেয়ে দরিদ্র এলাকা। এই উপজেলার তিন দিকে নদী। এখানকার সাধারণ মানুষ প্রতিদিন নদী পার হয়ে কুড়িগ্রাম শহরে আসে। ভৌগোলিকভাবে বিচ্ছিন্ন থাকার ফলে এখানকার বাসিন্দারা প্রায় সবরকম সুযোগ সুবিধা থেকে বঞ্চিত। তিনটি উপজেলায় প্রায় দেড় লক্ষ মানুষের বসবাস যাদের অধিকাংশই দারিদ্রসীমার নিচে বসবাস করে। দারিদ্রপীড়িত অঞ্চল হওয়ায় সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট প্রতিটি ইউনিয়নে একটি করে মোট তিনটি জীবিকা উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম শুরু করেছে। প্রকল্প এলাকাটি একটি বিচ্ছিন্ন চর এলাকা হওয়ায় সেখানে যাতায়াতের ন্যূনতম সুযোগ-সুবিধা থেকে মানুষ বঞ্চিত। বর্ষা মৌসুমে নদীপথে যাতায়াত করা গেলেও গ্রীষ্ম মৌসুমে নদীতে পানি কমে যাওয়ায় চর জেগে ওঠে। এ সময়টাতে মানুষ বেশি ভোগান্তিতে পড়ে। কিছু পথ নৌকায় ও কিছু পথ পায়ে হেঁটে যাতায়াত করতে হয়। উক্ত বিষয়গুলো বিবেচনা করে সিজিএম রাজিবপুর উপজেলা সদরে সিরিয়াল নৌকাঘাট সংলগ্ন এলাকায় প্রকল্প অফিস স্থাপন করেছে এবং এলাকার দরিদ্র জনগোষ্ঠীর জরুরী স্বাস্থ্যসেবার জন্য ওয়াটার প্যারামেডিক বোট প্রদান করেছে। এর মাধ্যমে ডাক্তার ও অসুস্থ রোগীদের যাতায়াত ব্যবস্থা এবং হেলথ ক্যাম্প পরিচালনা করা সহজ হবে।

সোনাইমুড়ীতে তিনটি জীবিকা প্রকল্পের সফল সমাপ্তি

নোয়াখালীর সোনাইমুড়ী উপজেলার তিনটি ইউনিয়ন যথাক্রমে জয়াগ, দেউটি ও আমিশাপাড়ায় ২০১৮ সালে শুরু হওয়া তিনটি জীবিকা প্রকল্পের পাঁচ বছর পূর্তিতে সফলভাবে সমাপ্তি ঘটেছে। প্রকল্পের পরিসমাপ্তিতে জয়াগ প্রকল্পের ৫০৬ জন, দেউটি প্রকল্পের ৪৯৮ জন ও আমিশাপাড়া প্রকল্পের ৪৯৪ জন তৃণমূল সংগঠনের সদস্যদেরকে তাদের তহবিল সংক্রান্ত হিসাব বুঝিয়ে দেয়া হয়েছে। মূলধন ও সঞ্চয়সহ মোট ৪.৪৬ কোটি টাকা সদস্যদের ব্যাংক হিসাবে জমা করা হয়েছে। তহবিল বিতরণ সংক্রান্ত অর্থনৈতিক ডকুমেন্টস সমূহ যথা- মাষ্টার রোল, প্রাপ্তি স্বীকারপত্র, আয় ও ব্যয় বিবরণী, ব্যালেন্স শীট, ব্যাংক স্টেটমেন্ট, দলের ক্লোজিং রেজুলেশনসহ যাবতীয় নথিপত্র সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট এর প্রধান কার্যালয়ে সংরক্ষণ করা হয়েছে।



দারিদ্র বিমোচনের লক্ষ্যে যাকাত তহবিল হস্তান্তর



সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট প্রতিষ্ঠালগ্ন থেকে এ পর্যন্ত ৬৬ টি জীবিকা উন্নয়ন প্রকল্প/জীবনমান উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করে দারিদ্র জনগোষ্ঠীর ভাগ্য উন্নয়নে অবদান রেখেছে। এরই ধারাহিকতায় দারিদ্র বিমোচন ও মানব উন্নয়নের লক্ষ্যে জীবিকা উন্নয়ন কেন্দ্র তিলোকপুর-০১ (নওগাঁ) প্রকল্পের ৪৬৪ (চারশত চৌষট্টি) মুস্তাহিকদের (সদস্য) মাঝে ৩৪ লক্ষ ৪০ হাজার টাকার যাকাত তহবিল হস্তান্তর করে। উল্লেখ্য যে, বিগত ১৩ এপ্রিল ২০২৩ তারিখে প্রথম পর্যায়ে একই মুস্তাহিকদের (সদস্য) মাঝে ৬৯ লক্ষ ৬০ হাজার টাকার তহবিল হস্তান্তর করে। দুই পর্যায়ে সর্বমোট ১ কোটি ৪০ লক্ষ টাকার তহবিল হস্তান্তর সম্পন্ন করে। প্রকল্পের আওতায় বিভিন্ন মানবিক সহায়তা কার্যক্রমের মধ্যে মাসিক খাদ্য সহায়তা প্রাপ্ত পরিবার ৩০ টি, মাসিক নিয়মিত ঔষধ সহায়তা পেয়ে থাকেন ২৮ জন, ১৯ জন গর্ভবতী মা ও ৪৫ জন প্রসূতি মা নিয়মিত স্বাস্থ্যসেবা গ্রহণ করেন। এ ছাড়া, প্রকল্পটিতে এ পর্যন্ত ১৪৭ টি স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপন করা হয়েছে, শিক্ষাবৃত্তি থেকে ০২ জন ও সুদযুক্ত খণের বোঝা থেকে মুক্তি পেয়েছেন ১৭ জন। সিজিডএম ইতোমধ্যে এ পরিবারগুলোকে বিভিন্ন আয়-বৃদ্ধিমূলক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করেছে এবং তাদের ব্যবসার উন্নতিতে পরামর্শসহ অন্যান্য সহায়তা প্রদান করেছে। এ ছাড়াও তাদের জন্য নিরাপদ পানি, স্যানিটেশন, শিক্ষা ও স্বাস্থ্যসেবা নিশ্চিত করা হবে।

দুরারোগ্য কিডনি রোগীর পাশে সিজিডএম



জীবিকা প্রকল্প, নদোনা-৩, নোয়াখালি প্রকল্পের মুস্তাহিক জাকির হোসেন (৩৬ বছর) দুরারোগ্য কিডনি রোগে আক্রান্ত। ডাক্তার তাকে প্রতি মাসে ৯টি করে ডায়ালাইসিস করার পরামর্শ দেন। নিয়মিতভাবে কিডনি ডায়ালাইসিস করার মতো আর্থিক সঙ্গতি নেই জাকিরের। বেচুে থাকার তাগিদে জাকির সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্টের কাছে আবেদন করে। সিজিডএম বিগত মার্চ, ২০২৩ থেকে নিয়মিতভাবে জাকিরের কিডনি ডায়ালাইসিসের জন্য আর্থিক সহায়তা প্রদান করে আসছে। একই সাথে মূলধন দিয়ে আয়বর্ধন কাজের সাথে যুক্ত হতে সহায়তা করেছে।

সিজিডএম সহায়তায় ২০২৩ সালে ১৬৪ জন শিক্ষার্থীর পবিত্র আল কুরআনের হিফজ সম্পন্ন



দেশে বর্তমানে হিফজুল কুরআন শিক্ষা বেশ জনপ্রিয়, ফলে অনেক অভিভাবক তাদের সন্তানদেরকে সেখানে পড়াতে আগ্রহী। কিন্তু পরবর্তিতে হিফজ সম্পন্নকারী এসকল হতদরিদ্র মেধাবী শিক্ষার্থীরা পর্যাণ্ড সুযোগ-সুবিধা না পাওয়ায় মূলধারার উচ্চ শিক্ষায় পড়াশুনার আর আগ্রহী হয় না। উক্ত পরিস্থিতি বিবেচনায় সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজিডএম) এসকল শিক্ষার্থীদের শিক্ষার মূলধারায় সম্পৃক্ত করা এবং চলমান হাফেজি মাদ্রাসায় প্রাথমিক শিক্ষা প্রদানের পাশাপাশি পুষ্টিকর খাদ্য প্রদানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে ঢাকা শহরের ২২ টি হিফজ মাদ্রাসার প্রায় ২০০০ দরিদ্র, অসহায় শিক্ষার্থীকে সহায়তা প্রদান করে আসছে। আলহামদুলিল্লাহ ২০২৩-২০২৪ শিক্ষা বর্ষে ১৬৪ জন শিক্ষার্থী পবিত্র কুরআনের হিফজ সম্পন্ন করেছে। হাফেজ-এ কুরআন এসকল শিক্ষার্থীরা এ বছর (২০২৪) ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থানাডা ইসলামিক একাডেমিতে ৩০ জন, এবং দি থানাডা একাডেমী, মানিকগঞ্জে ২৪ জন ষষ্ঠ শ্রেণীতে ভর্তি হয়েছে এবং বাকিরা দেশের বিভিন্ন প্রতিষ্ঠানে অধ্যয়নরত আছে। সিজিডএম এসকল মেধাবী হাফেজদেরকে উচ্চ শিক্ষার্থী বিদেশী বিশ্ববিদ্যালয়ে প্রেরণের জন্য প্রস্তুত করেছে।

জন্মগত হৃদরোগ থেকে মুক্তি পেলো জিহান ও মাইমুনা



নারায়ণগঞ্জের ভুঁইয়াপাড়ার জিহান ইসলাম (১০ মাস) ও চট্টগ্রামের চান্দগাঁ-১৩-এর মাইমুনা (৬ বছর) জন্মগত হৃদরোগে ভুগছিল। তাদের বেঁচে থাকার একমাত্র উপায় ছিল তাদের হাটে পিডিএ ডিভাইস লাগানো। জিহানের বাবার রাস্তার পাশে ছোট্ট একটি চায়ের দোকান এবং মাইমুনার বাবা একটি দোকানে স্বল্প মজুরিতে কাজ করেন। তাদের পক্ষে সন্তানদের চিকিৎসার ব্যয় নির্বাহ করা কঠিন ছিল। সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট তাদের চিকিৎসায় সহায়তা করে। ঢাকার এভারকেয়ার হাসপাতালে শিশু দুটির হাটে পিডিএ ডিভাইস স্থাপন করা হয়। তারা এখন সুস্থ ও স্বাভাবিকভাবে বেড়ে উঠছে।

থ্যালাসেমিয়া রোগীর পাশে সিজেডএম



রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগে অধ্যয়নরত মো: তৌহিদ ইকবাল (২১) সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্টের জিনিয়াস বৃত্তিপ্রাপ্ত ছাত্র। তিনি দূরারোগ্য থ্যালাসেমিয়া রোগে আক্রান্ত। ডাক্তার তাকে নিয়মিত (মাসিক) রক্ত পরিসংখ্যানের পাশাপাশি ব্যয়বহুল ঔষধ সেবনের জন্য পরামর্শ দিয়েছেন। তার উচ্চ চিকিৎসা ব্যয় বহন করা তার পরিবারের এক মাত্র উপার্জনশীল ব্যক্তি হিসেবে তার বাবার পক্ষে অসম্ভব। তার বাবা এক জন বর্গা চাষী এবং তিনি পরিবারের ভরণপোষণের জন্য কৃষি শ্রমিক হিসেবে কাজ করেন। এমন অবস্থায় সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট মো: তৌহিদের পাশে দাঁড়িয়েছে। নিয়মিতভাবে তাকে প্রতি মাসে ব্যয়বহুল ঔষধের জন্য আর্থিক সহায়তা প্রদান করছে।

৮ মাসে পবিত্র কুরআনুল কারিম হিফজ সম্পন্ন করলেন সানাউল্লাহ



মুহাম্মদ সানাউল্লাহ মাত্র ৮ মাসে পবিত্র কুরআনুল কারিমের হেফজ সম্পন্ন করেছে। সে সিজেডএম এর সহায়তায় পরিচালিত ইকরা দারুল কুরআন মডেল মাদরাসার শিক্ষার্থী। সে নিজের দৃঢ় প্রচেষ্টা ও কঠোর অধ্যবসায়ের মাধ্যমে মাত্র ৮ মাসে সম্পূর্ণ কুরআন হেফজ করতে সক্ষম হয়েছে। এত অল্প সময়ে পবিত্র কুরআন হিফজ করা মহান আল্লাহ তাআলার একান্ত অনুগ্রহ। সানাউল্লাহ বরিশাল জেলার গৌরনদী থানার অন্তর্গত বাংগিলা গ্রামের মৃত লোকমান হোসেনের পুত্র। হতদরিদ্র পরিবারে জন্মগ্রহণকারী এতিম সানাউল্লাহ সিজেডএম প্রতিষ্ঠিত থানাডা ইসলামিক একাডেমিতে পড়াশুনা শেষে বিশ্বের খ্যাতনামা ইসলামিক ইউনিভার্সিটি থেকে উচ্চতর ডিগ্রী নিয়ে পবিত্র কুরআনের গবেষণায় নিজেকে আত্মনিয়োগের স্বপ্ন দেখে।

ক্যান্সার রোগে আক্রান্ত হাফিজার চিকিৎসায় সিজেডএম



ফেরদৌসী প্রাথমিক স্বাস্থ্য সেবা কেন্দ্র, বেনাপোল প্রকল্পে একজন সুবিধাভোগী হাফিজা খাতুন (৫০ বছর) দূরারোগ্য ব্রেস্ট ক্যান্সারে আক্রান্ত। পরিবারে এক মাত্র উপার্জনক্ষম ব্যক্তি তার স্বামী এক জন কৃষি শ্রমিক। ডাক্তার হাফিজাকে ক্যামোথেরাপি নেয়ার পরামর্শ প্রদান করেন। খেয়ে-পড়ে বেটে থাকাই যেখানে কঠিন, সেখানে ব্যয়বহুল ক্যামোথেরাপি দেয়া তার জন্য তো দুঃস্বপ্ন। এ কঠিন পরিস্থিতিতে আশার আলো নিয়ে এগিয়ে আসে সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট এবং হাফিজার ক্যামোথেরাপিসহ যাবতীয় চিকিৎসার দায়িত্ব গ্রহণ করে। বর্তমানে তার শারীরিক অবস্থা উন্নতির দিকে।

সড়ক দুর্ঘটনায় আক্রান্ত অসহায় মনিরুল ইসলামের পাশে সিজেডএম



ফেরদৌসী প্রাথমিক স্বাস্থ্য সেবা কেন্দ্র, মোরেলগঞ্জ প্রকল্প এলাকার মুস্তাহিক সাবিনা বেগম। সাবিনা বেগমের স্বামী একজন কৃষি শ্রমিক। তার দুই ছেলে এক মেয়ে। বড় ছেলে মনিরুল ইসলাম (২১ বছর) একজন আত্মীয়ের বাড়ি থেকে ফেরার পথে কাঠ বোঝাই টমটম গাড়ির সাথে ধাক্কা লেগে মারাত্মকভাবে আহত হয়। ঢাকা মেডিকেল হাসপাতালে ভর্তি হয়ে তাকে দীর্ঘদিন হাসপাতালে কাটাতে হয় এবং মনিরুলের একটি পা কেটে ফেলতে হয়। সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম) মনিরুলের পাশে থেকে তার যাবতীয় চিকিৎসার ব্যয়ভার বহন করছে।

সিজেডএম প্রতিষ্ঠিত 'গ্রানাডা ইসলামিক একাডেমির' পথ চলার এক বছর



সিজেডএম লক্ষ্য করেছে যে, বাংলাদেশে খুব মেধাবী ও প্রতিভাধর অনেক হাফেজে কোরআন রয়েছেন যারা আর্থিকভাবে অসচ্ছলতা ও পর্যাপ্ত সুযোগ-সুবিধা না পাওয়ার কারণে তাদের প্রখর মেধা ও সুপ্ত প্রতিভাকে বিকশিত করতে পারছেন না। তাই সিজেডএম ২০২৩ইং শুধুমাত্র হাফেজে কোরআন শিক্ষার্থীদের নিয়ে ব্যতিক্রমধর্মী অনন্য এক প্রতিষ্ঠান 'গ্রানাডা ইসলামিক একাডেমী' যাত্রা শুরু করে। উক্ত প্রতিষ্ঠানের লক্ষ্য ইয়াতিম, অসহায় ও হতদরিদ্র হাফেজদেরকে কোরআন সুনুহর জ্ঞান-বিজ্ঞানে, ইলম-আমলে পরিপক্ব করে যুগের চাহিদা অনুযায়ী আরবি-ইংরেজি এবং বাংলা ভাষায় দক্ষ করে বুদ্ধিদীপ্ত, যুগ সচেতন বিশ্বমানের ইসলামিক স্কলার হিসেবে গড়ে তোলা। সেই সাথে জ্ঞান-বিজ্ঞানের গভীরতা ও চিন্তা চেতনার প্রশস্ততা অর্জনের লক্ষ্যে বহির্বিশ্বে উচ্চ শিক্ষায় শিক্ষিত করে সময়ের চ্যালেঞ্জ মোকাবেলায় সক্ষম এক বাঁক জ্ঞান সাধক, গবেষক, সমাজ সংস্কারক ও দ্বীনের প্রকৃত দ্বায়ী হিসেবে গড়ে তোলা। উক্ত কার্যক্রম বাস্তবায়নে অভিজ্ঞ উচ্চ ডিগ্রিধারী শিক্ষকমন্ডলী দ্বারা আলিয়া, কওমী মাদ্রাসার সমন্বিত যুগোপযোগী উন্নতমানের সিলেবাসের মাধ্যমে শিক্ষা কার্যক্রম চলছে। উন্নত আবাসন ব্যবস্থা, স্বাস্থ্যসেবা, পুষ্টিকর খাবার এবং পোষাকসহ তাদের সব ধরনের ব্যয় নির্বাহের জন্য সিজেডএম শিক্ষাবৃত্তি প্রদান করছে। ২০২৩ শিক্ষাবর্ষে ৩০ জন হাফিজ ষষ্ঠ শ্রেণী অধ্যয়ন সফলভাবে সম্পন্ন করে সপ্তম শ্রেণীতে উন্নীত হয়েছে। চলতি শিক্ষাবর্ষে আরো ৩০ জন হাফেজে কোরআন ষষ্ঠ শ্রেণীতে ভর্তি হয়েছে।

সিলেট ও রাজশাহীতে প্রথম যাকাত ফেয়ার ২০২৪ অনুষ্ঠিত

Making a Difference with Zakat - এ প্রতিপাদ্যকে সামনে রেখে প্রথমবারের মতো রাজশাহী ও সিলেটে 'যাকাত ফেয়ার' অনুষ্ঠিত হয়। রাজশাহীতে দুই দিনব্যাপী অনুষ্ঠিত "আর্থ-সামাজিক উন্নয়নে প্রাতিষ্ঠানিক যাকাত ব্যবস্থাপনা" শীর্ষক ফেয়ারের উদ্বোধন করেন রাজশাহী সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র এ এইচ এম খায়রুজ্জামান লিটন। সিলেটে দিনব্যাপী ফেয়ারের উদ্বোধন করেন সিলেট চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির মাননীয় সভাপতি তাহমিন আহমেদ। তিনি বলেন, যাকাত বাংলাদেশের একটি সম্ভাবনাময় খাত, এটি ধনী ও দরিদ্রের মধ্যে সম্প্রীতি প্রতিষ্ঠার একটি মাধ্যম। সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট বধিৎত মানুষের কল্যাণে ব্যাপক পরিসরে কাজ করছে। দেশে এ ধরনের প্রতিষ্ঠান আরও গড়ে তোলা প্রয়োজন। ফেয়ারে মহিলাদের জন্য বিশেষ সেমিনার ও প্রশ্নোত্তর অনুষ্ঠান, খতীব ও ইমামদের জন্য 'যাকাতের প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনায় ইমাম ও খতিবদের ভূমিকা' শীর্ষক সেমিনার ও "ব্যবসায়িক যাকাত হিসাব পদ্ধতি" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়।



সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট

- 📍 ১১৩/বি, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮, বাংলাদেশ।
- ☎ +৮৮০ ২ ৮৮৭০ ৭৭০, +৮৮০ ১৭২৯ ২৯৬ ২৯৬
- ✉ info@czm-bd.org 🌐 fb.com/czm.org 🌐 www.czm-bd.org

Water Paramedic Boat for Remote Islands of Rajibpur, Kurigram



Rajibpur Upazila of Kurigram District is considered as the poorest Upazila in the country. Center for Zakat Management has undertaken three livelihood projects in all three unions of Rajibpur. Since Rajibpur is an isolated island, transportation facilities are very poor there. During the rainy season, the entire Rajibpur Upazila should be traveled only through water ways. However, during the dry season the water level decreases, and some walkways emerge on the island. Local transportation includes only one engine-boat sailed from Rajibpur to Shikarpur in the morning, and the same boat returns to Rajibpur in the afternoon. Considering the difficult situation, CZM has taken initiative to procure a special fiber glass boats (water paramedic boat) for providing primary medical services and transportation of project workers, doctors, and conducting health camps in the remote char areas.

Successful Completion of Three Jeebika Projects in Sonaimuri

Three livelihood projects started in 2018 in Jayag, Dewti and Amishapara of Sonaimuri Upazila have been successfully completed the tenure of five years. At the end of the project, 506 members of the Jayag project, 498 of the Dewti project, and 494 members of Amishapara project have been refunded their savings and equity capital of BDT 4.46 Crore and each of the members share of it has been transferred to their respective individual bank accounts. All the financial documents related to the distribution of funds such as master roll, acknowledgment of receipt, income and expenditure statement, balance sheet, bank statement, closing resolution of the Grassroot Organizations (GRO) have been preserved at CZM Head Office.



Transfer of Zakat fund for Poverty Alleviation



Center for Zakat Management handed over Zakat fund of Taka 34 lakh 40 thousand among 464 Mustahiks (members) of JUK Tilokpur-01 project (Naogaon) for poverty alleviation and human development. In the first phase, on 13 April 2023, an amount of Taka 69 lakh 60 thousand was transferred. As such a total of Tk 1.4 crore has been transferred in two phases. Among the various humanitarian assistance activities under the project, 30 families receive monthly food assistance, 28 get monthly regular medicine, 19 pregnant mothers and 45 lactating mothers receive regular health services. Besides, 147 nos. sanitary latrines have been set up in the project so far, 02 people have been relieved from begging and 17 people have been relieved from the burden of interest-bearing loans. The members of the project have engaged themselves in different income-generating activities to improve their socio-economic condition. CZM has already trained these families in various income-generating trades and providing consultancy services and other supports to improve their business. In addition, they have been provided with safe water, sanitation, education and healthcare support.

CZM Provides Kidney Dialysis Support



Zakir Hossain (36 years) of Noakhali project has been suffering from chronic kidney disease for a long time. The doctor advised him to do 09 nos. of dialysis every month. His family does not have the financial capacity to do the required dialysis on regular basis. Center for Zakat Management extended its support to him by providing financial assistance for kidney dialysis since March 2023. At the same time, he has been provided with capital support for his livelihood. Now Zakir dreams of living despite suffering from the chronic kidney disease.

CZM supported 164 nos. students completed Hifzul Quran



Hifzul Quran education is very popular in our country, so many parents are interested in sending their children to Madrasa. Moreover, there are many poor and meritorious students who only memorize the Qur'an. Subsequently, due to lack of adequate facilities, the Hafz-e-Qur'an students do not become interested in mainstream higher education. Considering the situation, CZM has been providing assistance to almost 2000 underprivileged students of 22 Hifz Madrasas in Dhaka city with the aim of involving them in the mainstream of education and providing primary education in these Hafezi Madrasahs. Besides, they are provided nutritious foods. In the academic year 2023-2024, as many as 164 nos. students completed the Hifz of the Holy Quran. Among these Hafez-e-Quran students, 30 students have got admitted at the Granada Islamic Academy, 24 in the sixth grade of The Granada Academy, Manikganj and the rest are studying in different institutions of the country.

Jihan And Maimuna Recover Form Congenital Heart Disease



Md Jihan Islam (10 months) and Maimuna (6 Yrs.) have been suffering from congenital heart diseases. As per doctor's advice, their only hope for living was to receive PDA device. Jihan's father runs a small roadside tea stall and Maimuna's father works at a small shop for meager wages. It was impossible for them to arrange treatment for their children. Center for Zakat Management provided financial support for arranging the expensive treatment. Both the children received PDA device at EverCare hospital. They are now looking forward for a healthier life ahead.

CZM Provides Aids to Thalassemia Patient



Towhid Iqbal (21 years), a Genius Scholarship holder now studying law at University of Rajshahi has been suffering from incurable thalassemia disease. The doctor has advised him to take expensive medicines along with regular blood transfusion. He needs to spend more than TK. 20,000 per month for medicine. It has become a serious burden for his father, the sole breadwinner of the family. His father is a sharecropper who works as a day laborer to support his family. In such a situation, CZM has extended support for Towhid. Along with scholarship, he has been regularly receiving financial assistance for expensive medicines every month.

Sanaullah Completed Hifz of Holy Quran in 8 Months



Muhammad Sanaullah completed the Hifz of the Holy Quran in just 8 months. He has been a student of Iqra Darul Quran Model Madrasa, one of the Hifzul Quran Madrasa that are supported by CZM. He has been able to memorize the entire Quran in just 8 months through his strong efforts and hard perseverance. Memorizing the Holy Qur'an in such a short time is a true grace of Allah SWT. Sanaullah is the son of late Lokman Hossain of Bangala village under Gournadi thana of Barishal. He is currently studying at the Granada Islamic Academy, Mirpur, Dhaka established by CZM. Born in an underprivileged family, Sanaullah dreams of taking a higher degree from the world's renowned Islamic University after completion of his studies at the Granada Islamic Academy and dedicating himself to the study of the Holy Quran.

CZM Assists Hafiza for Expensive Cancer Treatment



Hafiza Khatun (50), Mustahik of Ferdousi Primary Health Service Center, Benapole Project Area has been suffering from breast cancer. Her husband, an agricultural laborer, is the sole breadwinner in the family. The physician advised Hafiza to undergo chemotherapy. Where it is difficult to arrange food and survive, it was a nightmare for her to undergo such expensive chemotherapy treatment. CZM has provided financial support for Hafiza's chemotherapy treatment. At present, her physical condition is improving.

CZM Stands beside Helpless Monirul Islam



Sabina Begum is a Mustahik of Ferdousi WCWC Morelganj, Bagerhat. Sabina Begum's husband is an agricultural laborer, and they have two sons and one daughter. The eldest son Monirul Islam, 21, was returning from his aunt's house when a wood laden Tomtom collided with a car and fell on the bamboo fence beside the road. In a cruel irony of fate, a broken piece of bamboo pierced the flesh on his leg. Monirul was admitted to Dhaka Medical College Hospital and had to fight for his life. Although Monirul survived, one of his legs had to be amputated. CZM has helped in Monirul's treatment. Now he is recovering from the trauma.

One year journey of Granada Islamic Academy



Hifzul Quran education is very popular in our country, so many parents are interested in sending their children to Madrasa. Moreover, there are many poor and meritorious students who only memorize the Qur'an. Subsequently, due to lack of adequate facilities, the Hafz-e-Qur'an students do not become interested in mainstream higher education. Considering the reality, CZM, in 2023 established an exceptionally unique institute (Granada Islamic Academy) for only Hafez-e-Qur'an students. The aim of this Academy is to support the orphans, helpless and extremely poor Hafez-e-Qur'an for imparting the knowledge of Qur'an, Sunnah and science. Putting emphasis on Arabic, English and Bangla languages the Academy is committed to make them world-class Islamic scholars. CZM provides stipends to the students for all their expenses, including decent accommodation, nutritious food, medical treatment, and clothing. In the academic year 2023, as many as 30 Hafiz students have successfully completed Class Six and have been promoted to Class Seven. In the current academic year, 30 more Hafez-e-Quran students have been admitted to class six.

Zakat Fair 2024 held in Sylhet & Rajshahi

With the theme, 'Making a Difference with Zakat' CZM organized Zakat Fair for the first time at Rajshahi and Sylhet. Mayor of Rajshahi City Corporation AHM Khairuzzaman Liton inaugurated the two-days long fair on 10 February 2024 in Rajshahi. The first event of the fair was a seminar titled "Institutional Zakat Management for Socio-Economic Development". Another seminar was organized exclusively for the Imam and Khatibs of the area discussing the institutional management of Zakat can impact more on poverty alleviation.

Besides, Sylhet Chamber of Commerce and Industry (SCCI) President Tahmin Ahmed inaugurated the fair at Sylhet as chief guest on 28 th January 2024. Seminar and Q&A program for women, seminar on 'Role of Imams and Khatibs in Institutional Management of Zakat' for Khatibs and Imams and workshop on 'Business Zakat Accounting System' were held at the fair.



Center for Zakat Management (CZM)

📍 113/B, Tejgaon Industrial Area, Dhaka-1208, Bangladesh

☎ +880 2 8870 770, +880 1729 296 296

✉ info@czm-bd.org

📘 fb.com/czm.org

🌐 www.czm-bd.org